MAR. 0 1 2001

ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# জনস্বার্থে দূরদৃষ্টিসম্পন্ন ও দক্ষ সরকারি কর্মকর্তা প্রয়োজন

## আলস্টার বিশ্ববিদ্যালয়ের সনদপত্র বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ দূরদৃষ্টিসম্পন্ন, দক্ষ, উদ্যমী ও নিবেদিতপ্রাণ সরকারি কর্মকর্তার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে বলেন, দেশে এমন কর্মকর্তার প্রয়োজন যারা জনগণকে তাদের কাঙ্ক্ষিত মানসম্পন্ন সেবা দিতে সক্ষম। রাষ্ট্রপতি বলেন, 'আমরা এমন কর্মকর্তা ও কর্মচারী চাই যাদের সেবার মান অর্জন ও রক্ষা করার মতো সক্ষমতা ও বুদ্ধিমত্তা রয়েছে এবং অন্যান্য দেশের শ্রেষ্ঠদের সঙ্গে যাদের তুলনা চলে।' রাষ্ট্রপতি গতকাল শনিবার নগরীর সোনারগাঁও হোটেলে উত্তর আয়ারল্যাণ্ডের আলস্টার বিশ্ববিদ্যালয় থেকে সরকারি অর্থ ব্যবস্থাপনা বিষয়ে ১৬ জন বাংলাদেশী নাগরিকের এমএ ডিগ্রি লাভ উপলক্ষে আয়োজিত সনদপত্র বিতরণ অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। বাসস, ইউএনবি।

অনুষ্ঠানে আলস্টার বিশ্ববিদ্যালয় থেকে এমএ ডিগ্রি লাভকারী ১৬ জন সরকারি কর্মকর্তা রাষ্ট্রপতির কাছ থেকে সনদপত্র গ্রহণ করেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রেসিডেন্ট অধ্যাপক জি ম্যাককেনার সভাপতিত্বে সনদ প্রদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বন ও পরিবেশমন্ত্রী সৈয়দা সাজেদা চৌধুরী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল সৈয়দ ইউসুফ হোসেন, অর্থ সচিব ড. আকবর আলী খান ও ফিমা মহাপরিচালক আহমেদ আতাউল হাকিম বক্তব্য রাখেন।

একটি উন্নত সরকারের উপাদান সম্পর্কে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, জবাবদিহিতামূলক সরকারি [illegible] সকলের কাছে গ্রহণযোগ্য, দক্ষ, [illegible] এবং স্বচ্ছ সরকারই হচ্ছে উন্নত সরকার। তিনি বলেন, সরকারি কর্মকর্তাদের মেধা বিকাশের মাধ্যমেও আমরা উন্নত সরকার গঠন করতে পারি।

তিনি বলেন, আমাদের এমন সরকারি কর্মকর্তা ও কর্মচারী প্রয়োজন যারা মেধা ও যোগ্যতার বলে সরকারি সেবার মান উন্নত দেশগুলোর পর্যায়ে নিয়ে যেতে পারে। ভবিষ্যতের প্রয়োজন মোকাবিলায় সরকারি খাতের দক্ষতা বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এসব অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে ভবিষ্যতে সরকারি ও বেসরকারি খাতে ব্যক্তি ও কর্মস্থলের পরিবেশ পরিবর্তিত হবে।

রাষ্ট্রপতি বলেন, আমাদের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুধু দূরদৃষ্টিসম্পন্ন, উদ্যমী এবং প্রত্যয়ী হলেই চলবে না তাদের জনগণের কাঙ্ক্ষিত সেবাও নিশ্চিত করতে হবে।